

এনইউবির নবীন শিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



সদ্য নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের জন্য দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ জুন ২০২৫ | ২৩:০২



নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশে সদ্য নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের জন্য দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও নৈতিক মানোন্নয়নের লক্ষ্যে আয়োজিত এ কর্মশালায় আলোচকবৃন্দ শিক্ষকতার আদর্শ, গুণগত শিক্ষা এবং মূল্যবোধভিত্তিক পেশাগত চর্চার ওপর গুরুত্বারোপ করেন।

‘শিখন পদ্ধতিতে গুণগত মান বৃদ্ধি’ বিষয়ক আলোচনায় ভাইস চ্যাপ্সেলর প্রফেসর ড. ইঞ্জিনিয়ার মো. মোস্তাফিজুর রহমান বলেন, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ককে ফলপ্রসূ করতে হলে শ্রেণিকক্ষে বন্ধুত্বপূর্ণ পরিবেশ নিশ্চিত করতে হবে। পাঠ পরিকল্পনা, শ্রোতাভেদে উপস্থাপনা কৌশল এবং প্রযুক্তি ব্যবহারের দক্ষতা অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের একটি টিম হিসেবে কাজ করতে উদ্বৃদ্ধ করতে হবে। আমাদের শিক্ষকরা যদি আত্মউন্নয়ন ও শিখতে আগ্রহী থাকেন, তাহলে মানসম্পন্ন উচ্চশিক্ষা বাস্তবায়ন সহজ হবে।

‘ভালো শিক্ষক হওয়ার দিকনির্দেশনা’ প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের প্রফেসর এবং নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের উপদেষ্টা (অ্যাকাডেমিক) অধ্যাপক ড. মিজানুর রহমান। তিনি বলেন, ভালো শিক্ষক হতে হলে শুধু বইয়ের জ্ঞান নয়, শিক্ষার্থীর মনোজগতে প্রবেশ করার সক্ষমতাও থাকতে হবে। একজন আদর্শ শিক্ষক শিখিয়ে দেন কেবল বিষয়বস্তু নয়, শেখান জীবনও।

তিনি বলেন, শিক্ষকতার সব থেকে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো জ্ঞান। এটা অন্যসব পেশার থেকে আলাদা। এখানে উদ্দীপনা, একাগ্রতা ও একনিষ্ঠতা থাকা প্রয়োজন। একজন শিক্ষককে হতে হবে রোল মডেল, সমাজের আইকনিক ব্যক্তিত্ব।

সমাপনী বক্তব্যে ভাইস চ্যাপ্সেলর ড. ইঞ্জিনিয়ার মো. মোস্তাফিজুর রহমান প্রশিক্ষণার্থীদের ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা বিশ্বাস করি, আজকের এ কর্মশালা শিক্ষকদের পেশাগত জীবনের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হবে। ভবিষ্যতেও এমন উদ্যোগ অব্যাহত থাকবে।